দৈনিক ইত্তেফাক

MAY 25 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...



ডাচ-বাংলা ব্যাংকের প্রেসিডেন্ট ও ব্যবস্থাপনা পরিচালক সিএম কায়েস সামি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আনোয়ারুল্লাহ চৌধুরীর কাছে ব্যাংক ফাউন্ডেশনের ছাত্র বৃত্তি সংক্রান্ত কাগজপত্র হস্তান্তর করেন

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য ডাচ্-বাংলা ব্যাংক ফাউন্ডেশনের ছাত্র-বৃত্তি

ডাচ্-বাংলা ব্যাংকের বিভিন্ন জনহিতকর ও সামাজিক কর্মকান্ড পরিচালনার লক্ষ্যে নবগঠিত ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য ছাত্র বৃত্তি প্রবর্তন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই কর্মসূচীর আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ ফ্যাকাল্টির ফিন্যান্স, ব্যবস্থাপনা, মার্কেটিং ও একাউন্টিং বিভাগের জন্য ২৪টি, অর্থনীতি বিভাগে ৫টি, ব্যবসায় প্রশাসন ইনষ্টিটিউটে ৬টিসহ মোট ৩৫ জন মেধাবী ছাত্র-ছাত্রীদের ১০ লাখ টাকা বৃত্তি দেয়া হবে।

এই লক্ষ্যে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আনোয়ারুল্লাহ চৌধুরীর সাথে ব্যাংকের প্রেসিডেন্ট ও ব্যবস্থাপনা পরিচালক সি এম কায়েস সামি'র বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ সৈয়দ রাশিদুল হাসান, পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন মোঃ শাহাদাত হোসেন ও আইবিএ'র পরিচালক ডঃ আনোয়ার হোসেন। ব্যাংক ফাউন্ডেশন থেকে দেয়া এই বৃত্তির আওতায় প্রতি মাসে প্রতি ছাত্র/ছাত্রীকে ২,০০০/- টাকা ছাড়াও বইপত্র ক্রয় করার জন্য বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের প্রত্যেক বছরে ৫,০০০/- টাকার এককালীন সহায়তা দেয়া হবে। -প্রেস বিজ্ঞপ্তি